গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
**Website:** www.dgfood.gov.bd

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯. তারিখঃ **/১১/২০১৯** খ্রি:।

**বিষয়ঃ আমন সংগ্রহ ২০১৯-২০২০ মৌসুমে অভ্যন্তরীণভাবে সংগ্রহতব্য ধানের বিভাগ, জেলা ও উপজেলাওয়ারী লক্ষ্যমাত্রার বিভাজন।**

সূত্রঃ খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৬.০১৩.২০১৭-৪৬, তারিখ: ১৩/১১/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে আসন্ন অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৯-২০২০ এর আওতায় ৬,০০,০০০ (ছয় লাখ) মে:টন ধান ক্রয়ের উপজেলাওয়ারী বিভাজন নিম্নরূপ শর্তে অনুমোদন প্রদান করেছেঃ

(ক) ২০১৯-২০২০ সালের আমন মৌসুমে ৬,০০,০০০ (ছয় লাখ) মেট্রিক টন ধান নির্ধারিত সময়সীমার মধ্যে সংগ্রহ করতে হবে;

(খ) আমন ধানের সংগ্রহ মূল্য প্রতি কেজি ২৬.০০ (ছাব্বিশ) টাকা;

(গ) ধান সংগ্রহের সময়সীমা ২০ নভেম্বর, ২০১৯ খ্রি. তারিখ হতে ২৮ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি. পর্যন্ত;

(ঘ) ধান উৎপাদনের তথ্য সঠিকভাবে উপস্থাপন করা না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন;

(ঙ) সরবরাহকৃত ধানের মূল্য ডব্লিউকিউএসসি দ্বারা সরাসরি সংশ্লিষ্ট কৃষকের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে;

(চ) উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি কর্তৃক অনুমোদিত কৃষক তালিকা অনুযায়ী ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে;

(ছ) অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা-২০১৭ এর বিনির্দেশ সম্মত ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে;

(জ) অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা ২০১৭ অনুচ্ছেদ ২০(খ) এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কমিটিকে সংগ্রহ করা পণ্যের মান যাচাই করে মান বিশ্লেষণ প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করতে হবে এবং এ প্রতিবেদনের তথ্য পরবর্তীতে যাচাই করে সঠিক তথ্য পাওয়া না গেলে সংশ্লিষ্ট কমিটি এর জন্য দায়ী থাকবেন।

এমতাবস্থায়, উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা-২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের ধান সংগ্রহের জন্য সকলকে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্ত: বর্ণনামতে ...................... ফর্দ।

প্রাপকঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল।

স্বা/
(জুলফিকার রহমান)
পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন: ০২-৯৫৫০২৬১।

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.২০৮৬/৭(২০) তারিখঃ ১৪/১১/২০১৯ খ্রিঃ।

অনুলিপিঃ

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।

২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা সদয় অবগতির জন্য।

৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।

৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। খাদ্যমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য। ।

৫। সকল পরিচালক.................................................খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি/বিডিবিএল/রুপালী ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৮। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হলো।

৯। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৩/১১/২০

পরিচালক,
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।